গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
রৌমারী, কুড়িগ্রাম।
http://doict.rowmari.kurigram.gov.bd

সভার সভাপতি: আলাউদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
রৌমারী,কুড়িগ্রাম

সভার তারিখ: ১২/০৫/২০২৬ খ্রিস্টাব্দ
সভার সময়: দুপুর ১২.০০ ঘটিকা
সভার স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে প্রদর্শিত

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় । সভাপতির অনুমতিক্রমে উপজেলা আইসিটি অফিসার, (সহকারী প্রোগ্রামার)রৌমারী এ কার্যালয়ের ই-সেবা কার্যক্রম সহ উপজেলার সকল সরকারি দপ্তরের সার্বিক তথ্য উপস্থাপন করেন এবং কার্যপরিধি সম্পর্কে আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহন করা হয় ।

সিদ্ধান্ত ও কর্মসূচি:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | ওয়েব পোর্টাল এর দ্বিতীয় ভার্সন সম্পর্কিত আলোচনা এবং হালনাগাদকরণ | উপজেলা প্রশাসন ,রৌমারী এবং উপজেলার প্রতিটি সরকারী অফিসের জন্য দ্বিতীয় ভার্সন চালু হয়েছে। দ্বিতীয় ভার্সনে কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি সংক্রান্ত তথ্য উপজেলার ওয়েব পোর্টালে নিয়মিত হালনাগাদকরণ এবং স্ব স্ব বিভাগের জরুরী খবর, বিভিন্ন নোটিশ, সভার কার্যবিবরনী নিয়মিত আপলোড ও বিভিন্ন প্রকল্প নিয়মিত সংযোজনের জন্য সভায় আলোচনা করা হয়। | ১.১। উপজেলা পর্যায়ে ওয়েব পোর্টাল এর দ্বিতীয় ভার্সন সর্ম্পকে বুঝতে অসুবিধা হলে উপজেলা আইসিটি অফিসারের সাথে যোগাযোগ করতে হবে । উপজেলা প্রশাসন ,রৌমারী এবং উপজেলার প্রতিটি সরকারী অফিসের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি সংক্রান্ত তথ্য উপজেলার ওয়েব পোর্টালে নিয়মিত হালনাগাদকরণ এবং স্ব স্ব বিভাগের জরুরী খবর, বিভিন্ন নোটিশ, সভার কার্যবিবরনী নিয়মিত আপলোড ও বিভিন্ন প্রকল্প নিয়মিত সংযোজন করতে হবে । উপজেলা কৃষি অফিস এবং উপজেলা ইঞ্জিনিয়ার অফিস আইডি ও পার্সওয়ার্ড ঠিক করে দেওয়া হয়েছে। | বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট বিভাগ উপজেলা আইসিটি অফিসার সকল চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, রৌমারী। |
| ০২ | আইসিটি ডিজিটাল ল্যাব পরিদর্শন ও ছাত্র ছাত্রীদের সি প্রোগ্রামিং সম্পর্কে আলোচনা | রৌমারী উপজেলায় ১০টি আইসিটি ডিজিটাল ল্যাব রয়েছে । আইসিটি ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন ও আইসিটি ডিজিটাল ল্যাব স্থাপিত বিদ্যালয়ে প্রতি মাসে বেসিক সি প্রোগ্রামিং,পাইথন,ওয়েব ডিজাইন সম্পর্কে ধারণা ও শিক্ষার্থীদের আইসিটি শিক্ষায় দক্ষ করার বিষয়ে আলোচনা করা হয়। | ২.১। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটি ডিজিটাল ল্যাবসমূহের যথাযথ ব্যবহার ও রক্ষনাবেক্ষন এবং পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>২.২। প্রতি মাসে আইসিটি ডিজিটাল ল্যাব পরিদর্শন প্রতিবেদন এবং পাইলটিং হিসাবে একটি প্রতিষ্ঠানকে নির্বাচিত করা হয়।<br>ক) দাতঁভাঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয় ।<br>খ) দাতঁভাঙ্গা স্কুল এন্ড কলেজ।<br>প্রতিষ্ঠানটিতে সি প্রোগ্রামার/ ওয়েব ডিজাইন শিখানোর কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২.৩। আইসিটি ল্যাবে যদি কোন যন্ত্র বা যন্ত্রাংশ নষ্ট বা বিকল হয় প্রতিষ্ঠান প্রধান তা সচল করার উদ্যোগ গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপজেলা আইসিটি অফিসার, আইসিটি অধিদপ্তর। |
| ০৩ | ডি-নথি সিস্টেম সম্পর্কিত আলোচনা | সচিবালয় ২০১৪ এ ডি-নথি বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ডিজিটাল পদ্ধতিতে পত্র গ্রহণ ও পত্র প্রেরণ কাযক্রমকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট অনুশাসন রয়েছে । উপজেলা পরিষদের সকল বিভাগকে পর্যায়ক্রমে ডি-নথি | ৩.১। উপজেলা পরিষদের সকল বিভাগকে পর্যায়ক্রমে ডি-নথি সিস্টেমে নিয়ে আসা এবং কাজের গতিকে বেগবান করার জন্য বিভাগীয় প্রধান ও অফিস সহকারীকে ডি-নথি বিষয়ে ট্রেনিং এর ব্যবস্থা এবং নতুন আইডি খুলে দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ডি-নথিতে উপস্থাপন ও নিস্পত্তি করলেন তা | বিভাগীয় প্রধান , সংশ্লিষ্ট বিভাগ উপজেলা আইসিটি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিস্টেমে নিয়ে আসা এবং কাজের গতিকে বেগবান করার জন্য বিভাগীয় প্রধান ও অফিস সহকারীকে ডি-নথি বিষয়ে ট্রেনিং এর ব্যবস্থা এবং নতুন আইডি খুলে দেয়া ও বদলিজনিত লোকবল রিলিজ করার বিষয়ে আলোচনা করা হয়। | উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩.২। উপজেলা নির্বাহী অফিসার,উপজেলা ভূমি অফিস, উপজেলা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা শিক্ষা অফিস,উপজেলা মহিলা বিষয়ক অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা সমবায় অফিস, উপজেলা পল্লী উন্নয়ন অফিস ডি-নথি লাইভ সার্ভারে থাকায় ডি-নথি সিস্টেমে কার্যক্রম গ্রহণ করতে হবে। | |
| ০৪ | ইন্টারনেট কানেকটিভিটি সম্পর্কিত / ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প | উপজেলা পরিষদের ইনফো সরকার ২ থেকে স্থাপিত ইন্টারনেট কানেকেটিভিটি সচল রাখা । অত্র উপজেলায় ১১৪ টি প্রাথমিক বিদ্যালয় এবং ৮৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ও ৪৬ টি সরকারি অফিসে ব্রডব্যান্ড কানেকশন সংযুক্ত হবে । উপজেলা সেবা ও আইসিটি সার্ভিস সেন্টার দ্রুত শেষ করার উপরে গুরুত্ব আরোপ করা হয়। | ৪.১। উপজেলা পরিষদের ইনফো সরকার ২ থেকে স্থাপিত ইন্টারনেট কানেকেটিভিটি অচল হলে তাৎক্ষনিক সহকারী প্রোগ্রামারকে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪.২। সংযোগ স্থাপনের সময় আইএসপি প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন করতে হবে।<br>৪.৩। ভাল করে ইন্টারনেট সংযোগসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি দেখে নিতে হবে।<br>৪.৪। কাজ শেষে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানসহ উপজেলা আইসিটি অফিসার কর্তৃক কাজ বুঝে নিয়ে আইএসপিকে প্রত্যয়ন দিতে হবে।<br>৪.৫। সরকারি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠাবে সংযোগ স্থাপনের বিষয়ে সরকারি অফিস প্রধান ও প্রতিষ্ঠান প্রধান সহযোগিতা করবে। ২৫ টি শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারি অফিস ইন্টারনেট কানেকটিভিটি সম্পন্ন হয়েছে। ভেন্ডর কোম্পানীকে দ্রুত কাজ করার জন্য বলা হয়েছে। | উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী,কুড়িগ্রাম উপজেলা আইসিটি অফিসার |
| ০৫ | মাল্টিমিডিয়া ক্লাসরুম | অতীতে পাঠদান ছিল পাঠ্যপুস্তক ও শিক্ষকের মেধানির্ভর । ফলে বিজ্ঞান বিষয়ের পাঠেও তেমন কোন প্রযুক্তিগত উৎকর্ষ দেখানো সম্ভব ছিল না।বর্তমান সরকার তথ্য প্রযুক্তিতে অধিক গুরুত্ব আরোপ করার ফলে শুরু হয়েছে মাল্টিমিডিয়া ব্যবহার । পাঠভিত্তিক কনটেন্ট তৈরি করে তা'শ্রেণীতে উপস্থাপন করা হয়। ফলে অধিক মাত্রায় শিক্ষার গুনগত মান বেড়েছে। | ৫.১। মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>৫.২। মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেমে যাতে নিয়মিত তথ্য আপলোড করতে হবে।<br>৫.৩। মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেমে যাতে ভুয়া তথ্য আপলোড না করে সেদিকে লক্ষ্য রাখতে হবে।<br>৫.৪। কোন শিক্ষক মাল্টিমিডিয়া ক্লাসরুমের উপর প্রশিক্ষন না পেলে তার প্রশিক্ষনের ব্যবস্থা করতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২।উপজেলা একাডেমিক সুপারভাইজার<br>৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ |
| ০৬ | সাইবার নিরাপত্তা সংক্রান্ত | কিশোর-কিশোরীরা বিভিন্ন সাইবার ক্রাইমে জড়িয়ে পরছে। সাইবার ক্রাইম থেকে কিভাবে যুব সমাজকে বাইরে রাখা যায় সেই বিষয়ে বিভিন্ন মতামত প্রদান করা হয় । সাইবার নিরাপত্তা এজেন্সি তিনটি বিষয়ের উপর প্রতিযোগিতার আয়োজন করে।<br>ক. সাইবার নিরাপত্তা কনটেস্ট<br>খ.কুইজ<br>গ. দাবা<br>এই বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | ৬.১। প্রতি মাসে সাইবার নিরাপত্তা বিষয়ে সেমিবার করা যেতে পারে একটি শিক্ষা প্রতিষ্ঠানে।<br>৬.২ । সামাজিক উঠান বৈঠকে সাইবার নিরাপত্তা বিষয়ে আলোচনা করা যেতে পারে।<br>৬.৩। সাইবার নিরাপত্তা এজেন্সির মাঠ পর্যায়ের সকল কাযক্রম উপজেলা আইসিটি কর্মকর্তার সেই ধারাবাহিকতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্যাম্পেইন পরিচালনা করা হয়। ছাত্র-ছাত্রীদের মাঝে আইসিটির বিকাশ ও দক্ষ জনবল গড়ে তোলায় বর্তমান সরকারের প্রধান কাজ । উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও আইসিটি অফিস সমন্বয় করে কাজ করবে বলে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ইনচার্জ,রৌমারী থানা।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>উপজেলা আইসিটি অফিসার,<br>আইসিটি অধিদপ্তর। |
| ০৭ | বিবিধ | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিয়ে একটি প্রশিক্ষনের আয়োজন করা যায় কিনা সেই বিষয়ে গুরুত্ব আরোপ করা হয় । | রৌমারী উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের আইসিটি বিষয়ে বেসিক ধারনা, প্রোগ্রামিং এবং ওয়েব ডিজাইন সম্বলিত একটি প্রশিক্ষনের আয়োজন করা যেতে পারে। | উপজেলা আইসিটি অফিসার ,রৌমারী, কুড়িগ্রাম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর তত্ত্বাবধানে জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগীতা ২০২৬ আয়োজন করা হয়। উক্ত প্রতিযোগীতায় সারা বাংলাদেশে মোট ২৪ টি আঞ্চলিক কার্যালয় এবং ভেন্যু কেন্দ্রে আগামী ১৬-০৫-২০২৬ খ্রি: তারিখে প্রোগ্রামিং ও কুইজ এই বিষয়ে প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে। এই বিষয়ে ছাত্র-ছাত্রীদের উদ্বুদ্ধ করার জন্য এক্টিভেশন ক্যাম্পেইন চালানোর জন্য আলোচনা করা হয়। | সারা বাংলাদেশে ৩০০ টি সংসদীয় আসনে স্কুল অফ ফিউচার স্থাপন করা হয়েছে। রৌমারী বালিকা উচ্চ বিদ্যালয়ে স্কুল অফ ফিউচার স্থাপন করা হয়েছে। রৌমারী বালিকা উচ্চ বিদ্যালয়ে এস এস সি পরীক্ষার কেন্দ্র হওয়াতে কোমরভাঙ্গী উচ্চ বিদ্যালয় এবং যাদুরচর বালিকা উচ্চ বিদ্যালয়, দাতঁভাঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয়, দাতঁভাঙ্গা স্কুল এন্ড কলেজে এক্টিভেশন ক্যাম্পেইন পরিচালনা করা হয়। কুইজ ও প্রোগ্রামিং এই দুই বিষয়ে অংশগ্রহনের জন্য রেজিষ্ট্রেশন করানো হয়। | উপজেলা আইসিটি অফিসার, রৌমারী, কুড়িগ্রাম। |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

(আলাউদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
রৌমারী, কুড়িগ্রাম
☏ (অফিস)
ই-মেইল: unorowmari@mopa.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৪৯৭৯.০০০.১৮.০০১.১৮- ২১৬

তারিখ ২৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১২ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২) জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩) প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।।
৪) জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুড়িগ্রাম।
৫) ..............................................অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৬) অফিস কপি।

১২/০৫/২০২৬

মুহাম্মদ মনিরুল ইসলাম
উপজেলা আইসিটি অফিসার (সহকারি প্রোগ্রামার)
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
রৌমারী, কুড়িগ্রাম।